দৈনিক খবর

067

তারিখ ... 08 OCT 1988 ...
পৃষ্ঠা ... ( ... কলাম ... 1 ...

# ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে রাষ্ট্রপতি এরশাদ

সাভার, ৭ই অক্টোবর (বাসস)।— রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজ গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার বিভিন্ন বন্যা উপদ্রুত এলাকা ঘুরে রাজধানীতে ফেরার পথে এখানকার বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

৩-এর পাতায় দেখুন

## ক্রীড়া শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

সকাল থেকে কঠোর পরিশ্রম সত্ত্বেও ক্রীড়ার বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণরত ছেলেদের দেখে রাষ্ট্রপতি উৎফুল্লবোধ করেন। তিনি নিজেও ফুটবল প্রশিক্ষণার্থীদের সাথে যোগ দেন এবং শট করে গোলরক্ষককে পরাভূত করেন।

ছেলেরা রাষ্ট্রপতির মধ্যে তারুণ্যের উদ্দাম দেখে অভিভূত হয়ে পড়ে। তিনি নিজেও একজন ক্রীড়াবিদ। ইন্সটিটিউটে রাষ্ট্রপতির পরিদর্শন প্রশিক্ষণরত ছেলেদের অনুপ্রাণিত করে। নিয়মিত একাডেমিক অধ্যয়ন ছাড়াও এখানে ছেলেরা ফুটবল, হকি, ক্রিকেট, সাঁতার, এ্যাথলেটিক্স ও টেনিসে প্রশিক্ষণ নিচ্ছে।

এই ইন্সটিটিউট রাষ্ট্রপতি এরশাদের চিন্তা-ভাবনারই ফসল। ইন্সটিটিউটে সপ্তম শ্রেণী থেকে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত একাডেমিক শিক্ষার পাশাপাশি খেলাধুলার বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

রাষ্ট্রপতি ব্যায়ামাগারের বিভিন্ন শাখা ঘুরে ঘুরে দেখেন এবং এর তৎপরতায় সন্তোষ প্রকাশ করেন।

রাষ্ট্রপতি এখানে এসে পৌঁছলে যুব ও ক্রীড়ামন্ত্রী সুনীলগুপ্ত, স্থানীয় এরিয়া কমাণ্ডার মেজর জেনারেল নুর উদ্দিন খান ও ইন্সটিটিউটের মহাপরিচালক লেঃ কর্নেল আবদুল লতিফ তাকে অভ্যর্থনা জানান।